রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১৫, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ**
**৩৭/এ দিলকুশা বা/এ**
**ঢাকা-১০০০।**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ/১৭ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ১০০-আইন/২০২৩।**—বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন) এর ধারা ৩০, ধারা ১১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ) প্রবিধানমালা, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই প্রবিধানমালায়—

(ক) "আইন" অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন);

(খ) "কর্তৃপক্ষ" অর্থ আইনের ধারা ৩ এর উপ-ধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

(২) এই প্রবিধানমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ১২ নং আইন)

এবং বীমা আইন, ২০১০ (২০১০ সনের ১৩ নং আইন) এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **পরামর্শক বা উপদেষ্টার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা**।—(১) পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের জন্য কোনো ব্যক্তির কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা ছাড়াও পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের জন্য কোনো ব্যক্তির নিম্নলিখিত যেকোনো বিষয়ে বিশেষজ্ঞ বা পেশাজীবী এবং সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ১০ (দশ) বৎসরের কর্ম অভিজ্ঞতা থাকিতে হইবে, যথা :—

(ক) এ্যাকচ্যুয়ারিয়াল বিজ্ঞানে বিশেষজ্ঞ;

(খ) বীমা বিষয়ে অভিজ্ঞ পেশাজীবী;

(গ) বাণিজ্য ও বীমা আইনে বিশেষজ্ঞ;

(ঘ) হিসাববিজ্ঞান বা হিসাবরক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ;

(ঙ) বীমা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন মূল্যায়নকারী বিশেষজ্ঞ;

(চ) বীমা ও ঝুঁকি বিষয়ক জরিপ কার্যক্রমে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি;

(ছ) আর্থিক প্রতিষ্ঠান বিষয়ে ইসলামী শরীয়াহ বিশেষজ্ঞ; বা

(জ) বিনিয়োগ ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞ পেশাজীবী।

(৩) পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগের ক্ষেত্রে নিম্নলিখিত কোনো স্বীকৃত পেশাগত ডিগ্রি বা পদধারীকে কর্তৃপক্ষ অগ্রাধিকার প্রদান করিতে পারিবে, যথা :—

(ক) Institute and Faculty of Actuaries, UK বা Society of Actuaries, USA এর Fellow বা Associate;

(খ) International Actuarial Association (IAA) এর সদস্যভুক্ত Actuarial Professional Body হইতে প্রাপ্ত Fellowship বা Associateship;

(গ) Chartered Insurance Institute of UK এর Fellow বা Associate;

(ঘ) Chartered life Underwriter (CLU);

(ঙ) Life Management Institute (Life Insurance Industry Accreditation) এর Fellow বা Associate;

(চ) Institute of Chartered Accountans of Bangladesh (ICAB) এর Fellow বা Associate;

(ছ) Institute of Chartered Accountans of England and Wales এর Fellow বা Associate;

(জ) Association of Chartered Certified Accountans (ACCA) এর Fellow বা Associate;

(ঝ) Institute of Cost and Management Accountans of Bangladesh (ICMAB) এর Fellow বা Associate;

(ঞ) Chartered Financial Analyst (CFA);

(ট) Certified Public Accountants (CPA); বা

(ঠ) Barrister at Law বা আইন বিষয়ে উচ্চতর ডিগ্রিধারী।

৪। **পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা**।—কোনো ব্যক্তি পরামর্শক বা উপদেষ্টা হিসাবে নিয়োগলাভের যোগ্য হইবেন না, যদি—

(ক) তিনি বাংলাদেশের নাগরিক বা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) তিনি শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে দায়িত্ব পালনে অক্ষম হন;

(গ) তিনি কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া বা অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;

(ঘ) তিনি কোনো ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক ঋণ খেলাপী হিসাবে ঘোষিত হন;

(ঙ) তিনি নৈতিক স্খলনজনিত কোনো অপরাধের দায়ে দোষী সাব্যস্ত হইয়া আদালত কর্তৃক অন্যূন ৬ (ছয়) মাস বা তদূর্ধ্ব মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হন এবং উক্ত দণ্ড হইতে মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিক্রান্ত না হয়;

(চ) তাহার বয়স ৪০ (চল্লিশ) বৎসর পূর্ণ না হয়; বা

(ছ) তিনি কোনো প্রতিষ্ঠানে থাকাকালীন দুর্নীতির কারণে অপসারিত হইয়া থাকেন।

৫। **পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ, নবায়ন, ইত্যাদি**।—(১) কর্তৃপক্ষ পরামর্শক বা উপদেষ্টা নিয়োগের উদ্দেশ্যে বহুল প্রচারিত ১ (এক) টি বাংলা ও ১ (এক) টি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করিবে।

(২) কর্তৃপক্ষ তদকর্তৃক নির্ধারিত পদ্ধতিতে প্রবিধান ৩ এ উল্লিখিত যোগ্যতাসম্পন্ন আবেদনকারীদের পরীক্ষা গ্রহণের মাধ্যমে এক বা একাধিক যোগ্য প্রার্থীকে নির্বাচন করিয়া খণ্ডকালীন বা পূর্ণকালীন চুক্তিভিত্তিক পরামর্শক বা উপদেষ্টা নিয়োগ করিতে পারিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন নির্বাচিত প্রার্থীর দায়িত্ব, কর্তব্য, কার্যপরিধি, চুক্তির সময়কাল, বেতন, ভাতা, অন্যান্য সুবিধাদি এবং আনুষঙ্গিক অন্যান্য শর্তাদি, কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হইবে।

(৪) কর্তৃপক্ষ, ক্ষেত্রমত, উপ-প্রবিধান (২) এর অধীন নির্বাচিত পরামর্শক বা উপদেষ্টার সহিত নিয়োগসংক্রান্ত চুক্তি সম্পাদন করিবে।

(৫) কর্তৃপক্ষ অথবা নিয়োগপ্রাপ্ত পরামর্শক বা উপদেষ্টা ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদানপূর্বক উপ-প্রবিধান (৪) এ উল্লিখিত নিয়োগসংক্রান্ত চুক্তির অবসান ঘটাইতে পারিবে।

(৬) কর্তৃপক্ষ পরামর্শক বা উপদেষ্টার কাজে সন্তুষ্ট হইলে প্রয়োজনে তাহার চুক্তি নবায়ন করিতে পারিবে।

৬। **পরামর্শক বা উপদেষ্টার অপসারণ**।—(১) কর্তৃপক্ষ নিম্নলিখিত কারণে কোনো পরামর্শক বা উপদেষ্টাকে অপসারণ করিতে পারিবে, যথা :—

(ক) যদি তিনি এইরূপে নিজেকে পরিচালনা করেন বা নিজের পদকে অপব্যবহার করেন যাহা আইন বা এই প্রবিধানের উদ্দেশ্যকে ব্যাহত করে;

(খ) উপযুক্ত কারণ ব্যতীত ৩ (তিন) মাস দায়িত্ব পালনে ব্যর্থ হন বা অস্বীকার করেন;

(গ) এইরূপ কোনো কাজ করেন যাহা কর্তৃপক্ষের জন্য ক্ষতিকর;

(ঘ) যদি তিনি নিজে বা তাহার পরিবারের সদস্যগণ অথবা অন্য কোনো ব্যক্তিকে সহযোগিতা বা সংশ্লিষ্টতার মাধ্যমে এইরূপ কোনো কার্যকলাপে জড়িত হন, যাহার দ্বারা কর্তৃপক্ষের স্বার্থের ব্যাঘাত ঘটিতে পারে বা ব্যাঘাত ঘটিবার আশঙ্কা থাকে; বা

(ঙ) তিনি কর্তৃপক্ষের পূর্ণকালীন পরামর্শক বা উপদেষ্টা হিসাবে থাকাকালীন একইসাথে অন্য কোনো প্রতিষ্ঠানে চাকরি করেন।

(২) উপ-প্রবিধান (১) এ উল্লিখিত কারণে কোনো পরামর্শক বা উপদেষ্টাকে তাহার পদে বহাল থাকিবার অযোগ্য মনে করিলে, কর্তৃপক্ষ উক্ত কারণের যথার্থতা যাচাই করিবার জন্য অন্যূন ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করিবে।

(৩) উপ-প্রবিধান (২) এর অধীন গঠিত তদন্ত কমিটি উহার প্রতিবেদন ও সংশ্লিষ্ট তথ্যাদি কর্তৃপক্ষের নিকট দাখিল করিবে।

(৪) পরামর্শক বা উপদেষ্টার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হইলে এবং তাহাকে অপসারণ করা সমীচীন বিবেচনা করিলে, কর্তৃপক্ষ উহা আমলে নিয়া শুনানীর সুযোগ প্রদান করিয়া ১৫ (পনের) দিনের মধ্যে সংশ্লিষ্ট পরামর্শক বা উপদেষ্টাকে লিখিতভাবে উহার সিদ্ধান্ত অবহিত করিবে।

(৫) এই প্রবিধানের অধীন অপসারিত কোনো পরামর্শক বা উপদেষ্টা পরবর্তীতে কর্তৃপক্ষের পরামর্শক বা উপদেষ্টা বা অন্য কোনো দায়িত্বশীল পদে নিয়োগলাভের যোগ্য হইবেন না।

কর্তৃপক্ষের আদেশক্রমে

**মোহাম্মদ জয়নুল বারী**
চেয়ারম্যান
বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd